

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সাম্মানিক বাংলা

সেমিস্টার : ৩ : কোর্স : ২ (H-6)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। ১৮৫৭-র বিদ্রোহ সম্বন্ধে ঈশ্বর গুপ্তের মনোভাব কি ছিল পাঠ্য কবিতা অবলম্বনে তা আলোচনা করো। ১০
- ২। বাঙালির 'খাদ্য সংস্কৃতি' ঈশ্বর গুপ্তের কবিতার অন্যতম বিষয়—পর্যালোচনা করো। প্রসঙ্গক্রমে দিশি ও বিলিতি খাবার সম্বন্ধে ঈশ্বর গুপ্তের মনোভাবের পরিচয় দাও। ৮+২=১০
- ৩। 'ইংরাজী নববর্ষ' কবিতায় এক ঔপনিবেশিক নাগরিকের দৃষ্টিতে নববর্ষ উৎসবের পরিচয় দাও। ১০

একক - ২

- ৪। 'বীরাদনা কাব্য'-এর কোনো কোনো নায়িকা আপন হৃদয় প্রকাশে যে বীরত্ব প্রদর্শন করেছেন, তাতে যথার্থই তাঁদের বীরাদনা বলা যায়— তারা-র পত্র অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০
- ৫। 'বীরাদনা কাব্য'-কে উনিশ শতকের প্রেক্ষিতে নারীমুক্তির কাব্য বলা যায় কিনা বিচার করো। ১০
- ৬। 'পুরুষবীর প্রতি উর্ধ্বশী' পত্রিকায় নিয়তিবোধের সঙ্গে মানবিকতাবোধের এক চমকপ্রদ সমন্বয় করেছেন মধুসূদন।— আলোচনা করো। ১০

একক - ৩

- ৭। 'সঞ্চয়িতা'র আগে প্রকাশিত 'চয়নিকা' গ্রন্থের সঙ্গে 'সঞ্চয়িতা'র পার্থক্য কোথায় ? বিভিন্ন সংস্করণের মধ্য দিয়ে 'সঞ্চয়িতা'র গ্রন্থসত্তাটি কীভাবে গড়ে উঠেছে তা আলোচনা করো। ১০
- ৮। 'শেষ বসন্ত' কবিতায় রবীন্দ্রনাথের প্রেমের চেতনা যেভাবে ব্যক্ত হয়েছে তা ব্যাখ্যা করো। প্রসঙ্গত কবিতাটিতে কোনো বিদেশি কবিতার ছায়াপাত ঘটেছে কিনা তা আলোচনা করো। ৮+২=১০
- ৯। 'বর্ষশেষ' কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) :

২×৫=১০

- (ক) 'বাঙ্গালী মেয়ে' কবিতায় কবির মানসিকতা।
- (খ) ঈশ্বরচন্দ্র গুপ্তের পারমার্থিক কবিতা।
- (গ) 'বীরাদনা কাব্য'-এর জনা পত্রের শেষ অংশের কাব্যসৌন্দর্য।
- (ঘ) মধুসূদনের হাতে কেকয়ীর নবজন্ম।
- (ঙ) 'সোনার তরী' কবিতায় প্রাকৃতিক আবহ।
- (চ) 'শা-জাহান' কবিতায় তাজমহল।